

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
বিজ্ঞপ্তি

স্মারক নং-উবি-০৬/২০০৭-২১০১৬

তারিখ: ০৭ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ  
২৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি প্রসঙ্গে।

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকবৃন্দকে জানানো যাচ্ছে যে, নিম্নে উল্লিখিত সময়সূচি অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:

১। শিক্ষা বোর্ড থেকে প্রেরিত ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর তালিকা থেকে সিরিয়াল অনুযায়ী নিম্নের ছকে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে শিক্ষার্থীকে (অবশ্যই পিতা/মাতাসহ) প্রতিষ্ঠানে এসে নির্ধারিত বৃথ হতে Student ID সংগ্রহ করতে হবে। Student ID-এর সাথে অনলাইন ফরমপূরণ ও পেমেন্ট প্রদান সংক্রান্ত নির্দেশনা থাকবে।

বিজ্ঞান বিভাগ			তারিখ ও বার	ব্যবসায় শিক্ষা বিভাগ		
বোর্ড হতে নির্বাচিত শিক্ষার্থীর তালিকার সিরিয়াল অনুযায়ী	সময়	কক্ষ নম্বর		বোর্ড হতে নির্বাচিত শিক্ষার্থীর তালিকার সিরিয়াল অনুযায়ী	সময়	কক্ষ নম্বর
০০১ - ১০০	সকাল ১১:০০ থেকে দুপুর ২:০০ পর্যন্ত	১০৭	১৫/০৭/২০২৪ (সোমবার)	০০১ - ০৭০	সকাল ১১:০০ থেকে দুপুর ২:০০ পর্যন্ত	১০৮
১০১ - ২০০	সকাল ৯:০০ থেকে দুপুর ১২:০০ পর্যন্ত	১০৭	১৬/০৭/২০২৪ (মঙ্গলবার)	০৭১ - ১৪০	সকাল ৯:০০ থেকে দুপুর ১২:০০ পর্যন্ত	১০৮
২০১ - ৩০০	সকাল ৯:০০ থেকে দুপুর ১২:০০ পর্যন্ত	১০৭	১৮/০৭/২০২৪ (বৃহস্পতিবার)	১৪১ - ২০০	সকাল ৯:০০ থেকে দুপুর ১২:০০ পর্যন্ত	১০৮

২। Student ID দিয়ে লগইন করে ১৫/০৭/২০২৪ খ্রি: সোমবার সকাল ১১:০০ মিনিট থেকে ১৯/০৭/২০২৪ খ্রি: শুক্রবার বিকাল ০৫:০০ মিনিটের মধ্যে অনলাইনে ফরমপূরণ এবং পেমেন্ট সম্পন্ন করতে হবে।

৩। পেমেন্টের পরিমাণ: ভর্তি ফি (সেশন ফি ও উন্নয়ন ফি) ৭,৫০০ টাকা (সরকার নির্ধারিত), জুলাই মাসের বেতন ২,০০০ টাকা এবং জুলাই মাসের আইসিটি ফি ২০০ টাকা (মোট = ৯,৭০০ টাকা) + অনলাইন ফরমপূরণ চার্জ + ব্যাংক চার্জ।

৪। নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র জমা নেওয়া হবে:

তারিখ ও বার	সময়	বিজ্ঞান বিভাগ	ব্যবসায় শিক্ষা বিভাগ
২০/০৭/২০২৪ (শনিবার) থেকে ২১/০৭/২০২৪ (রবিবার)	সকাল ৯:০০ থেকে দুপুর ১:০০ পর্যন্ত	কক্ষ নম্বর ১০৭	কক্ষ নম্বর ১০৮

প্রয়োজনীয় কাগজপত্র:

ক) ডাউনলোডকৃত ভর্তি ফরম।

খ) অনলাইনে পেমেন্ট প্রদানের প্রিন্টকৃত পেমেন্ট স্লিপ ২ কপি।

গ) এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূলকপি এবং এর ২টি ফটোকপি।

(একাডেমিক ট্রান্সক্রিপ্টের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি শিক্ষার্থীকে তার নিজের ভবিষ্যৎ প্রয়োজনের জন্য সংরক্ষণ করতে হবে।)

ঘ) এসএসসি পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি ২ কপি করে।

ঙ) এসএসসি পরীক্ষার প্রশংসাপত্রের ফটোকপি-২ কপি।

চ) শিক্ষার্থীর জন্মসনদের ফটোকপি ১ কপি।

ছ) অভিভাবকের (পিতা-মাতা উভয়ের) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ১ কপি করে।

জ) SQ ও Freedom Fighter কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রত্যয়নপত্রের ফটোকপি (প্রত্যয়নপত্রের মূলকপি দেখাতে হবে)।

ঝ) অভিভাবক তথ্য ফরম (পূরণকৃত)।

উপর্যুক্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়ার সময় পেমেন্ট স্লিপের একটি কপিতে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক সিলমোহর ও স্বাক্ষরসহ নিশ্চায়নপূর্বক ড্রেসকোড, ডায়েরি, বুকলিস্ট, একাডেমিক ক্যালেন্ডার ও উবি মনোগ্রাম সংগ্রহ করতে হবে।

৫। ভর্তির প্রয়োজনে যোগাযোগের নম্বর: একাডেমিক প্রয়োজনে: ০১৭১১-৩১৪৫৭৫ (বিজ্ঞান বিভাগ), ০১৫৫০-৫৫১২৩২ (ব্যবসায় শিক্ষা বিভাগ)  
টেকনিক্যাল প্রয়োজনে: ০১৭১৫-৩২৭৯২২, ০১৬২৭-৯৪৫২৬৪

স্বাক্ষরিত/  
জহুরা বেগম  
অধ্যক্ষ